

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.০০০.২৫.০০১.১৯.২৫

তারিখ: ২০ অগ্রহাষণ ১৪২৮

০৫ ডিসেম্বর ২০২১

বিষয়: ডিপিএড/সিইনএড প্রশিক্ষণ গ্রহণের পূর্বানুমোদন গ্রহণ প্রসঙ্গে।

শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ডিপিএড/সিইনএড প্রশিক্ষণে গমনের পূর্বে ট্রাস্ট দপ্তরের অনুমতি নেয়া এবং ছুটি মঞ্জুরি গ্রহণ করা আবশ্যিক। বিনা অনুমতিতে এবং ছুটি মঞ্জুরি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত থাকা চাকরি বিধিমালা পরিপন্থি এবং শাস্তিযোগ্য অপরাধ।

লক্ষ্য করা যাচ্ছে, একই সময় একই বিদ্যালয় থেকে একাধিক শিক্ষক ডিপিএড/সিইনএড প্রশিক্ষণে অংশ নেয়ায় শিক্ষক সমন্বয় না থাকায় বিদ্যালয়ে পাঠদান কার্যক্রম ব্যাহত হচ্ছে। এমনকি বিদ্যালয়ের শিক্ষকগণ প্রশিক্ষণে থাকায় মাত্র ১ জন শিক্ষক প্রথম শ্রেণি হতে পঞ্চম শ্রেণি পর্যন্ত পাঠদান কার্যক্রম পরিচালনা করছেন।

বিদ্যালয় পরিচালনা ও পাঠদান কার্যক্রম অব্যাহত রাখা এবং শিক্ষক সমন্বয়ের নিমিত্ত ভবিষ্যতে ডিপিএড/সিইনএড প্রশিক্ষণে গমনের পূর্বে ট্রাস্ট দপ্তরের পূর্বানুমতি এবং ছুটি মঞ্জুরি নেয়ার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

৫-১২-২০২১

মোঃ আবুল বশার
পরিচালক

প্রধান শিক্ষক, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়-.....
(সকল)।

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.০০০.২৫.০০১.১৯.২৫/১(৯)

তারিখ: ২০ অগ্রহাষণ ১৪২৮

০৫ ডিসেম্বর ২০২১


অনুলিপি: জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়।

- ১) চেয়ারম্যান, রাজামাটি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ ও সভাপতি, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয় পরিচালনা কমিটি।
- ২) জেলা প্রশাসক (রাজামাটি ও বান্দরবান পার্বত্য জেলা ব্যতীত সকল জেলা) ও সভাপতি, বিদ্যালয় পরিচালনা কমিটি, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়।
- ৩) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫) উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট সকল উপজেলা) ও সভাপতি, বিদ্যালয় পরিচালনা কমিটি, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়।
- ৬) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল জেলা) ও সদস্য সচিব, বিদ্যালয় পরিচালনা কমিটি, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়।

৭) উপজেলা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট সকল উপজেলা) ও সদস্য সচিব, বিদ্যালয় পরিচালনা কমিটি, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়।

৮) কম্পিউটার অপারেটর, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা-১২১৬ (ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)।

৯) অফিস কপি।



৫-১২-২০২১

মোঃ মাহবুবুর রাক্বানী

সহকারী পরিচালক (শিক্ষা ও কারিগরি)